# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

কার্যালয়ঃ বাসা নম্বর-৪২, খাগডহর বাজার, সদর, ময়মনসিংহ

ফোনঃ ০২৯৯৭৭১০৭৬১, Email: chairmanbisemmym@gmail.com

www.mymensingheducationboard.gov.bd


স্মারক নম্বর-মশিবো/কলেজ/রেজিঃ/নোটিশ/২০২৫/৩৩৬২ তারিখ: ১৬/১১/২০২৫ খ্রি.

## বিজ্ঞপ্তি

বিষয়: **শিক্ষা প্রতিষ্ঠানের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত (২০২৬ সালে এইচ.এস.সি পরীক্ষার্থী) শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড বিতরণ করা প্রসঙ্গে।**

❖ **শুধুমাত্র কেন্দ্র সচিবগণ সংশ্লিষ্ট কেন্দ্রের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করবেন।**

উপর্যুক্ত বিষয়ে অত্র বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত (২০২৬ সালে এইচ.এস.সি পরীক্ষার্থী) শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড নিম্নবর্ণিত তারিখে বিতরণ করা হবে।

❖ **বিতরণের স্থান ও সময়:** অত্র বোর্ডের ০১ নং ভবন (নিচতলা), কাঠগোলা বাজার, ময়মনসিংহ। সকাল-১১.০০ মি.

| তারিখ | বার | জেলা |
|---|---|---|
| ২০/১১/২০২৫ খ্রি. | বৃহস্পতিবার | ময়মনসিংহ, শেরপুর |
| ২৩/১১/২০২৫ খ্রি. | রবিবার | নেত্রকোণা, জামালপুর |

০১। ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ রেজিস্ট্রেশন কার্ড গ্রহনের ০৩ (তিন) দিনের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরনের ব্যবস্থা গ্রহণ করবেন। প্রতিষ্ঠান প্রধানগণকে রেজিস্ট্রেশন কার্ডে মুদ্রণজনিত কোন ধরণের ভুল থাকলে ০৭ (সাত) দিনের মধ্যে সংশোধনের জন্য বোর্ডে কলেজ শাখায় আবেদন করতে হবে।

০২। যদি কোন শিক্ষার্থীর বিষয়/বিভাগ/ছবি সংশোধনের প্রয়োজন হয়, তাহলে নিম্নোক্ত প্রক্রিয়ায় কার্যক্রম সম্পন্ন করে বোর্ড নির্ধারিত ফি সোনালী সেবার মাধ্যমে জমা দিয়ে বিতরণকৃত রেজিস্ট্রেশন কার্ড ও সোনালী সেবার রশিদ সঙ্গে নিয়ে বোর্ডে কলেজ শাখায় জমা দিয়ে সংশোধিত নতুন রেজিস্ট্রেশন কার্ড নিতে হবে।

❖ বিষয়/বিভাগ/ছবি সংশোধনের অনলাইন প্রক্রিয়া: www.mymensingheducationboard.gov.bd-Our services - Institute panel-Registration-Twelve2024-2025-Correction-Submit-Payment.

০৩। রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করার পূর্বে শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৪.২৪.১৯০, তারিখ: ০৫/০৯/২০২৪ খ্রি. মোতাবেক ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ তাদের আওতাধীন সকল প্রতিষ্ঠানের নিকট থেকে রোভার/রেঞ্জার ফি সংগ্রহ করবেন এবং শিক্ষার্থী প্রতি ০৮/- হারে ২০২৫ সালের রোভার/রেঞ্জার ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৬/১১/২৫

(প্রফেসর এস.এম. আরিফুর রহমান)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও কলেজ।

মেমো নং- ৩৩৬২ (৬) তাং- ১৬/১১/২০২৫ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

১. সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
২. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৩. উপ-পরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৪. পি এস-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৫. সহকারী প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ। (পত্রটি অত্র বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ অনুরোধ সহ)
৬. অফিস কপি।

১৬.১১.২৫ খ্রি.

(এম, এম, এ জামিল সরকার)
উপ-কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

Scanned with CamScanner